গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৮/৬৯(১০) ই-১ তারিখঃ ০৯/০৪/১৪২৫ বঃ
২৪/০৭/২০১৮ খ্রিঃ

বরাবর

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (ই/এম)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল।

**বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে হিসাবের কোড নং-৩২৫৮১০৬-আবাসিক ভবন এবং ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন এর মেরামত ও সংরক্ষণ কাজের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের বহির্ভুক্ত ভৌত অবকাঠামো সমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাবের কোড নং-৩২৫৮১০৬-আবাসিক ভবন এবং ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন এর মেরামত ও সংরক্ষণ কাজসমূহের তালিকা নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক এবং সংযুক্ত ছক মোতাবেক প্রণয়ন করে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) **আগামী ০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে** প্রতিটি গণপূর্ত বিভাগের জন্য তিন প্রস্থে Hard Copy বুকলেট আকারে (Soft Copy/CD সহ) এ দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

**অনুসরণীয় নির্দেশাবলীঃ**

১। ক) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী প্রত্যাশী কর্তৃপক্ষের সাথে আবশ্যিকভাবে আলোচনা পূর্বক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করবেন। পরবর্তীতে অনুমোদিত এপিপি প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করবেন।

খ) দ্বৈততা পরিহার এবং প্রাপ্ত বরাদ্দের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে বিগত বছরসমূহের সম্পাদিত বিশেষ মেরামত, সাধারণ মেরামত ইত্যাদি কাজ বিবেচনায় রেখে ভবন ভিত্তিক রক্ষণাবেক্ষণ কাজ হিস্ট্রি বুকে সন্নিবেশিত করে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

গ) ভবনের সিভিল, স্যানিটারী ও অন্যান্য সকল মেরামত কাজসমূহ একত্রিত করে একটি কাজের অন্তর্ভুক্ত করতে হবে। একইভাবে ইলেক্ট্রো-মেকানিক্যাল শ্রেণীর সকল কাজসমূহ একত্রিত করে একটি কাজের অন্তর্ভুক্ত করতে হবে। এইভাবে একটি ভবনের মেরামতের জন্য সর্বোচ্চ দুইটি কাজ এপিপিতে অন্তর্ভুক্ত থাকতে পারে, যার একটি সিভিল এবং অপরটি ই/এম কাজ হবে।

ঘ) মেরামত কাজের এপিপি দুইটি অংশে বিভক্ত করে প্রস্তুত করতে হবে। প্রথম অংশে আবাসিক ভবন এবং দ্বিতীয় অংশে অনাবাসিক ভবনসমূহের মেরামত কাজ অন্তর্ভুক্ত করে প্রতিটি গণপূর্ত বিভাগের জন্য একটি এপিপির পুস্তিকা তৈরী করতে হবে।

ঙ) নতুন জেলা সদরস্থ গণপূর্ত বিভাগের ক্ষেত্রে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) এর বরাদ্দকৃত টাকার সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে ২০১৮-২০১৯ অর্থ বছরের এপিপি প্রণয়ন করতে হবে। পুরাতন জেলার ক্ষেত্রে এ পরিমান সর্বোচ্চ ১(এক) কোটি টাকা বৃদ্ধি করা যেতে পারে। একাধিক গণপূর্ত বিভাগ সম্বলিত জেলার (যথাঃ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী) ক্ষেত্রে এ পরিমান সর্বোচ্চ ২০% বৃদ্ধি করা যাবে।

চ) প্রতিটি জেলার জেলা প্রশাসকগণের চাহিদা মোতাবেক বিভিন্ন জরুরি কাজ সম্পাদনের নিমিত্তে জেলা প্রতি ১০ লক্ষ টাকা সুনির্দিষ্ট করে অনাবাসিক ভবনের মেরামত কাজের ক্রয় তালিকার প্রথম দিকে রাখতে হবে।

ছ) এপিপিতে অন্তর্ভুক্ত কাজসমূহ গুরুত্বের ক্রমানুসারে সাজিয়ে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ কাজসমূহ শেষের দিকে রাখতে হবে, যাতে বরাদ্দের সংস্থানের সাথে সামঞ্জস্য রাখার জন্য প্রয়োজনমাফিক শেষের দিকের কাজ বাদ দেওয়া যায়।

জ) এপিপিতে অন্তর্ভুক্ত সকল কাজের দরপত্র আহবানের ক্ষেত্রে EGP প্রক্রিয়ায় LTM পদ্ধতি অনুসরণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে EGP প্রক্রিয়ায় Quotation করা যাবে।

২। ক) দৈনন্দিন জরুরি কাজ/ দৈনন্দিন জরুরি মেরামত/ পেটিপারচেজ যে নামেই রাখা হোক না কেন, অদেখা কাজের জন্য ডিভিশনওয়ারী থোক ৫% এর অধিক রাখা যাবে না।

খ) প্রস্তাবিত পরিকল্পনায় দৈনিক মজুরী/ নিরাপত্তা কর্মী/ আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কাজ বিবেচনায় নেয়া যাবে না। তাছাড়া সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ ব্যয় ব্যতীত সরবরাহ ও সেবাধর্মী বা অন্য কোন ব্যয় প্রস্তাব অন্তর্ভুক্ত করা যাবে না।

গ) কোনরূপ দ্বৈততা, অসামঞ্জস্য, পরিপত্র পরিপন্থি কোন কাজ অন্তর্ভুক্ত হলে এ দপ্তর কর্তৃক কোনরূপ ব্যাখ্যা ব্যতিরেকে কাজসমূহের অন্তর্ভুক্তি বাতিল করতঃ এপিপি অনুমোদন করা হবে।

৩। ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা MS Excel এ প্রস্তুত করে Legal সাইজের কাগজে Landscape এ print করতে হবে।

খ) প্রতিটি বইয়ের উপরে Cover Page থাকতে হবে এবং ইহাতে '**...................... গণপূর্ত বিভাগের ২০১৮-২০১৯ আর্থিক সালের বার্ষিক ক্রয় পরিকল্পনা**' Title উল্লেখ করতে হবে।

গ) সকল গণপূর্ত বিভাগের এপিপি যথাযথ কর্তৃপক্ষ (সার্কেল ও জোন) এর মাধ্যমে পাঠাতে হবে।

৪। ক) প্রতিটি জোন কর্তৃক তার অধীনস্থ বিভাগসমূহ হতে প্রাপ্ত এপিপি এর একটি সার-সংক্ষেপ প্রস্তুত পূর্বক প্রেরণ করতে হবে।

খ) জোনের অধীনস্থ বিভাগসমূহের এপিপি পুস্তিকাসমূহ একত্রিত না করে পৃথক পৃথক থাকতে হবে।

**এমতাবস্থায়, ২০১৮-২০১৯ অর্থ বছরের বর্ণিত খাতে বাজেট বরাদ্দের অর্থ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় হতে দ্রুত ছাড়করণের স্বার্থে 'অগ্রাধিকার ভিত্তিতে' বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।**

**সংযুক্তিঃ ছক (তিন পাতা)।**

২৪/০৭/২০১৮

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

চলমান পাতা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৮/৩১/১(১২৫) হি-১ তারিখঃ ১৩/০৪/১৪২৫ বঃ / ২৮/০৭/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪/ সাভার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ প্রকল্প সার্কেল-১, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর।

২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ গণপূর্ত বিভাগ-২/ নগর/ আরবরিকালচার/ গণপূর্ত বিভাগ-৩/গণপূর্ত বিভাগ-৪ /ইডেন ভবন/ মেডিকেল/ এসবি নগর-১/ এসবি নগর-২/ এসবি নগর-৩/ মহাখালী/ মতিঝিল/ আজিমপুর/ সম্পদ, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ সাভার/ মিরপুর/ গাজীপুর/ মানিকগঞ্জ/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ই-এম কারখানা/ কাঠের কারখানা/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/ কিশোরগঞ্জ/ জামালপুর/ নেত্রকোনা/ শেরপুর/ চট্টগ্রাম বিভাগ-১/ চট্টগ্রাম বিভাগ-২/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ চট্টগ্রাম বিভাগ-৩/ চট্টগ্রাম বিভাগ-৪/ কক্সবাজার/ বান্দরবান/ গণপূর্ত ই-এম বিভাগ-১, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-২, চট্টগ্রাম/ কুমিল্লা/ নোয়াখালী/ বি-বাড়ীয়া/ চাঁদপুর/ ফেনী/ লক্ষীপুর/ সিলেট/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ রাজশাহী-১/ রাজশাহী-২/ পাবনা/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ রংপুর/ কুড়িগ্রাম/ দিনাজপুর/ পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ খুলনা-১/ খুলনা-২/ সাতক্ষীরা/ বাগেরহাট/ বরিশাল/ ভোলা/ মাদারীপুর/ পটুয়াখালী/ বরগুনা/ পিরোজপুর/ ঝালকাঠি/ গোপালগঞ্জ/ শরিয়তপুর/ যশোর/ চুয়াডাঙ্গা/ কুষ্টিয়া/ ফরিদপুর/ ঝিনাইদহ/ নড়াইল/ মেহেরপুর/ রাজবাড়ী/ মাগুরা/ জরিপ, ঢাকা। কোন গণপূর্ত বিভাগ কর্তৃক এপিপি সরাসরি এ দপ্তরে দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৫। গার্ড নথি।

সংযুক্তিঃ ছক (তিন পাতা)।

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

ছক-প্রথম অংশ

## ২০১৮-২০১৯ অর্থ বছরের ৩২৫৮১০৬-আবাসিক ভবন খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) তালিকাঃ

বিভাগের নামঃ ..............................................

সার্কেলের নামঃ ..............................................

| ক্রমিক নং | সেক্টরের নাম | কাজের বিবরণ | ক্রয় পরিকল্পনায় প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | ক্রয় পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | গণপূর্ত | তত্ত্বাবধায়ক প্রকৌশলী , .............. এর বাসভবনের সিভিল মেরামত কাজ। | ১.৫০ | LTM-eGP | |
| ২। | সাধারণ প্রশাসন | জেলা প্রশাসকের বাসভবনের সিভিল মেরামত কাজ। | ২.০০ | LTM-eGP | |
| -- | -- | ------------------------------------------------ | -- | -- | |
| -- | -- | ------------------------------------------------ | -- | -- | |
| | | উপমোটঃ | ১০০.০০ | -- | |
| ১২১। | -- | দৈনন্দিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ (প্রাত্যহিক চাহিদা সম্পন্ন মালামাল সংযোজন ও মেরামত, ছোটখাটো মেরামত এবং তাৎক্ষণিক প্রয়োজন সম্পন্ন কাজের ব্যয় **উপমোট এর অনধিক ৫%)** | ৫.০০ | -- | |
| | | মোটঃ | ১০৫.০০ | -- | |

উপ সহকারী প্রকৌশলী (প্রাক্কলনিক)
.......... গণপূর্ত বিভাগ,...........

সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার)
.......... গণপূর্ত বিভাগ,...........

নির্বাহী প্রকৌশলী
............... গণপূর্ত বিভাগ,...........

## ২০১৮-২০১৯ অর্থ বছরের ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) তালিকাঃ

ছক-দ্বিতীয় অংশ

বিভাগের নামঃ ..........................................................

সার্কেলের নামঃ ..........................................................

| ক্রমিক নং | সেক্টরের নাম | কাজের বিবরণ | ক্রয় পরিকল্পনায় প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | ক্রয় পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সাধারণ প্রশাসন | জেলা প্রশাসকের চাহিদা মাফিক বিভিন্ন জরুরী মেরামত কাজ। | ১০.০০ | LTM/ Quotation-eGP | |
| ২। | সাধারণ প্রশাসন | জেলা প্রশাসকের কার্যালয়ের সিভিল মেরামত কাজ। | ২.০০ | LTM-eGP | |
| ২। | স্বরাষ্ট্র | পুলিশ সুপারের অফিস ভবনের সিভিল মেরামত কাজ। | ৩.০০ | LTM-eGP | |
| -- | | | -- | -- | |
| -- | -- | -------------------------------------------------------------------- | -- | -- | |
| | | উপমোটঃ | ১৫০.০০ | -- | |
| ১২১। | -- | দৈনন্দিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ (প্রাত্যহিক চাহিদা সম্পন্ন মালামাল সংযোজন ও মেরামত, ছোটখাটো মেরামত এবং তাৎক্ষণিক প্রয়োজন সম্পন্ন কাজের ব্যয় উপমোট এর অনধিক ৫%) | ৭.৫০ | | |
| | | মোটঃ | ১৫৭.৫০ | | |

উপ সহকারী প্রকৌশলী (প্রাক্কলনিক)
.......... গণপূর্ত বিভাগ,..........

সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার)
.......... গণপূর্ত বিভাগ,..........

নির্বাহী প্রকৌশলী
.......... গণপূর্ত বিভাগ,..............

# ২০১৮-২০১৯ অর্থ বছরের মেরামত ও সংরক্ষণ কাজের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) এর সার-সংক্ষেপঃ

বিভাগের নামঃ ..................................................

সার্কেলের নামঃ ..................................................

| ক্রমিক | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | মোট কাজের সংখ্যা (টি) | মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|
| ১। | ৩২৫৮১০৬ | আবাসিক ভবন | | |
| ২। | ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন | | |
| | | মোটঃ | | |

উপ সহকারী প্রকৌশলী (প্রাক্কলনিক)
.......... গণপূর্ত বিভাগ,...........

সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার)
.......... গণপূর্ত বিভাগ,...........

নির্বাহী প্রকৌশলী
.... ........... গণপূর্ত বিভাগ,...........